**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 24-08-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**PM**:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন বিশ্বের অর্থ ব্যবস্থায় ভারত দ্রুত অগ্রগতির দিকে এগিয়ে চলেছে এবং খুব  শীঘ্রই তৃতীয় স্থানে পৌছে  যাবে | দিল্লীতে শনিবার একটি বেসরকারী মিডিয়া হাউসের অনুষ্ঠানে অংশ নিয়ে তিনি এই কথা বলেন | এ প্রসঙ্গে প্রধানমন্ত্রী ভারতের স্থিতিস্থাপকতা ও শক্তির বিষয়টিও উল্লেখ করেন |

************

**CM-Mohanpur :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল  মোহনপুর মহকুমা ও সিভিল জজ জুনিয়র ডিভিশন আদালতের সূচনা করেন| এইসঙ্গে তিনি এই আদালতের নবনির্মিত ভবনেরও উদ্বোধন করেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, জনগণের অধিকার নিশ্চিতকরণে রাজ্যসরকার সর্বদা অগ্রাধিকার দিয়ে কাজ করছে| এই আদালতের সূচনা সেই প্রতিশ্রুতিরই প্রতিফলন। আদালতে এসে মানুষ যাতে হয়রানির স্বীকার না হন এবং বিচার প্রক্রিয়া দ্রুত সম্পন্ন করার উপরও মুখ্যমন্ত্রী গুরুত্ব আরোপ করেন|

*****************

**National Seminar-DDIBU :**

ধর্ম্মদীপা আন্তর্জাতিক বৌদ্ধিষ্ট বিশ্ববিদ্যালয়ের স্কুল অফ বৌদ্ধিষ্ট ল্যাঙ্গুয়েজ বিভাগের উদ্যোগে গতকাল  মনুবনকুলে বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাসে পালি ভাষা

বিষয়ক একটি জাতীয় স্তরের সেমিনার অনুষ্ঠিত হয়। উচ্চ শিক্ষামন্ত্রী কিশোর বর্মন, দিল্লির শ্যামা প্রসাদ মুখার্জি রিসার্চ ফাউন্ডেশনের চেয়ারম্যান অনির্বাণ গাঙ্গুলি, বিধায়ক মাইলাফ্রু মগ, বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলার ভেন ধর্ম্মদীপা, প্রমুখ উপস্থিত ছিলেন |দেশের বিভিন্ন রাজ্য থেকে ৩৫০ জন গবেষক সেমিনারে যোগ দেন।

****************

## NSS Festival-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা গতকাল  আগরতলায় নজরুল কলাক্ষেত্রে পাঁচ দিন ব্যাপি উত্তর-পূর্বাঞ্চল এন এস এস উৎসবের উদ্বোধন করেন| এই উৎসবে ত্রিপুরা সহ উত্তর-পূর্বাঞ্চলের আট রাজ্যের তিনশো যুব প্রতিনিধি অংশ নিয়েছেন।অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, ২০৪৭ সালের মধ্যে বিকশিত ভারত গঠনে যুবশক্তির বিশেষ ভুমিকা থাকবে। যুবদের সমাজের কল্যানে নিজেদের আত্মনিয়োগ করতে হবে। দেশপ্রেম, সহমর্মিতা ও ভ্রাতৃত্ববোধে উদ্বুদ্ধ হতে হবে। উপযুক্ত শিক্ষা গ্রহন করতে হবে।এই কাজে শিক্ষক ও অভিভাবকদের দায়িত্বের কথাও তিনি  তুলে ধরেন|

*************************

## Maan-Ki-Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১-শে আগস্ট, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২৫তম পর্ব| বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও

সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে। হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

*****************

**IPFT** :

গতকাল ২৩শে আগস্ট এডিসি দিবস উপলক্ষ্যে আই.পি.এফ.টি-র উদ্যোগে আগরতলায় জনসমাবেশের আয়োজন করা হয়| সমাবেশে বক্তব্য রাখতে গিয়ে আইপিএফটি সভাপতি প্রেম কুমার রিয়াং জানান, ১৯৮৪ সালের ২৩ আগস্ট, সংসদে সংবিধান সংশোধনের মাধ্যমে তপশিলি উপজাতি জনগোষ্ঠীর স্বার্থ রক্ষায় এক বিশেষ আইন প্রণয়ন হয় |তারই ভিত্তিতে গঠিত হয় ত্রিপুরা ট্রাইবল এরিয়া অটোনমাস ডিস্ট্রিক্ট কাউন্সিল |দলের সাধারণ সম্পাদক তথা সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেন, রাজ্যে জনজাতিদের অধিকার আদায় রক্ষায় গণতান্ত্রিক পদ্ধতিতে আই.পি.এফ.টির আন্দোলন অব্যাহত থাকবে|

মৎস্য **মন্ত্রী**:

ভট্ট পুকুর কালিটিলা স্লুইস গেট সংলগ্ন বিশাল এলাকা জুড়ে পরিত্যক্ত জলাশয় টি গতকাল পরিদর্শন করেন মৎস্য মন্ত্রী সুধাংশু দাস, মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিধায়ক মিনারানি সরকার কর্পোরেটর বাপি দাস ও তুষার কান্তি ভট্টাচার্য|

********************

**প্রথম ডিভিশন**:

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় রামকৃষ্ণ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় রামকৃষ্ণ ক্লাব ৪-২ গোলে জুয়েলস এসোসিয়েশনকে হারিয়ে দেয়।

******************

**Weather**:

আজ আকাশ সাধারণত  মেঘাচ্ছন্ন থাকবে।কিছু কিছু জায়গায় বজ্রবিদ্যুত সহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টিপাত হতে  পারে | দক্ষিন জেলা গোমতি, পশ্চিম ও সিপাহীজলা জেলাতে ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে।আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩১.২  ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৪  দশমিক ৭  ডিগ্রি সেলসিয়াস।

*****************

***************